

# জিলা পরিষদ, বর্ধমান

## বাস্তকার বিভাগ

কোর্ট কম্পাউন্ড, বর্ধমান-৭১৩১০১

তারিখ - ০২/১২/১৫

স্মারক সংখ্যা - ডি.ই/টোল/ ১২৩২

:- টোল ট্যাক্স সম্পর্কিত দরপত্র (সীল বিড) আহ্বানের বিজ্ঞপ্তি:-

এতদ্বারা সর্বসাধারণকে অবগত করা যাইতেছে যে, জিলা পরিষদ, বর্ধমান এর অধীন নিম্নলিখিত রাস্তায় জিলা পরিষদের অনুমোদিত দরে অস্থায়ীভাবে বালি, পাথর ইত্যাদি দ্রব্য পরিবহন গাড়ির টোল আদায়ের ইজারা বন্দোবস্তের জন্য সীল করা খামে দরপত্র আহ্বান করা যাইতেছে। নিজ নিজ দরপত্র জিলা পরিষদের অনুকূলে জামিন জমা হিসাবে ২,০০,০০০.০০ (দুই লক্ষ) টাকার ড্রাফট/পে অর্ডার/ব্যাঙ্কার্স চেক সহ জেলা বাস্তকার, জিলা পরিষদ, বর্ধমান এর অনুকূলে বর্ধমান ব্যাঙ্ক এর উপর প্রদেয় (District Engineer, Zilla Parishad, Burdwan, Payable at Burdwan) ইং-২২/১২/২০১৫ (মঙ্গল বার) বেলা ৪.০০ ঘটিকার মধ্যে জমা দিতে হইবে। সর্বোচ্চ ডাকের সম্পূর্ণ টাকা ২৩/১২/২০১৫ (বুধ বার) তারিখে অবশ্যই জমা দিতে হইবে, নচেৎ (মঙ্গল বার) বেলা ৪.০০ ঘটিকার মধ্যে জমা দিতে হইবে। সর্বোচ্চ ডাকের সম্পূর্ণ টাকা ২৩/১২/২০১৫ (বুধ বার) তারিখে অবশ্যই জমা দিতে হইবে, নচেৎ বিনা নোটিশে তার দেওয়া চুক্তিপত্র বাতিল বলিয়া গণ্য হইবে এবং জিলা পরিষদ পুনোরায় দরপত্র আহ্বান করিতে পারিবে। ঐ ডাকে অনাদায়ী ব্যক্তি বা সংস্থার দেওয়া ডাক কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হইবে না। সকল ডাকদাতাকারীদের সংশ্লিষ্ট রাস্তার বর্তমান অবস্থা এবং অবস্থান সম্পর্কে ডাক দেওয়ার পূর্বে অবহিত হইয়া ডাক দিতে হইবে। নিজ খরচে সকল সময়ের জন্য রাস্তার মেরামতি (গাড়ি চলাচল যোগ্য) কর্তৃপক্ষের নির্দেশ মতো করিতে হইবে, অন্যথায় চুক্তি পত্র বাতিল হইবে। এ বিষয়ে পরে কোন আপত্তি গ্রাহ্য হইবে না। এ প্রসঙ্গে আরও জ্ঞাত করা যাইতেছে যে, সর্বনিম্ন ডাক মূল্য ১২,০০,০০০.০০ (বার লক্ষ) টাকা ৬ (ছয়) মাসের জন্য। রাস্তা মেরামতি বাবদ ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকার ড্রাফট/পে অর্ডার/ব্যাঙ্কার্স চেক জেলা বাস্তকার, জিলা পরিষদ, বর্ধমান এর অনুকূলে বর্ধমান ব্যাঙ্ক এর উপর প্রদেয় (District Engineer, Zilla Parishad, Burdwan, Payable at Burdwan) জামিন জমা হিসাবে চুক্তি পত্রের সাথে জমা দিতে হইবে। মেয়াদ শেষে উক্ত ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকা শর্ত পূরণ সাপেক্ষে ফেরৎ দেওয়া হইবে। সর্বনিম্ন সংরক্ষিত মূল্যের কমে দেওয়া দরপত্র গৃহীত হইবে না। জেলা বাস্তকার অফিসে রক্ষিত নির্দিষ্ট টেন্ডার বক্সে দরপত্র ২২/১২/২০১৫ (মঙ্গল বার) বেলা ৪.০০ ঘটিকার মধ্যে জমা দিতে হইবে এবং ২২/১২/২০১৫ (মঙ্গল বার) তারিখে বিকাল ৪.৩০ ঘটিকায় দরপত্র খোলা হইবে।

কার্যাদেশ প্রেরণের তারিখ হতে ৭ দিনের মধ্যে জিলা পরিষদের অনুমোদিত ফর্মে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। নতুবা তাহার কার্যাদেশ বিনা নোটিশে নাকচ হইয়া যাইবে, তৎসহ তাহার দেয় টাকাও বাজেয়াপ্ত হইবে।

সড়কের বিবরণ :- বর্ধমান ২ ও মেমারি ১ পঞ্চায়েত সমিতি এলাকায় “বড়শুল হতে পান্না হাসপাতাল ভায়া কলানবগ্রাম রাস্তায় অস্থায়ী ভাবে বালি, পাথর ইত্যাদি দ্রব্য পরিবহন গাড়ির টোল ট্যাক্স আদায়”।

দরপত্র জমা দেওয়ার স্থান, তারিখ ও সময় :- জেলা বাস্তকার অফিস, জিলা পরিষদ, বর্ধমান, ২২/১২/২০১৫ (মঙ্গল বার) বেলা ৪.০০ ঘটিকা পর্যন্ত।

দরপত্র খোলার সময় :- ২২/১২/২০১৫ (মঙ্গল বার) বেলা ৪.৩০ ঘটিকায়।

বাকি টাকা জমা দেওয়ার তারিখ :- ২৩/১২/২০১৫ (বুধ বার)

স্মারক সংখ্যা - ডি.ই/টোল/ ১২৩২/৫০

প্রতিলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হল :- মাননীয় সভাপতি, জিলা পরিষদ, বর্ধমান/জিলা শাসক, বর্ধমান ও নির্বাহী আধিকারীক, জিলা পরিষদ, বর্ধমান/অতিরিক্ত নির্বাহী আধিকারীক, জিলা পরিষদ, বর্ধমান/আর্থিক নিয়ামক ও মুখ্য হিসাব আধিকারীক, জিলা পরিষদ, বর্ধমান/কর্মাধ্যক্ষ, পূর্ত কার্য ও পরিবহন স্থায়ী সমিতি, জিলা পরিষদ, বর্ধমান/সকল কর্মাধ্যক্ষগণ, বর্ধমান জিলা পরিষদ / সচিব, জিলা পরিষদ, বর্ধমান/অধিক্ষক বাস্তকার, পি.ডব্লু.ডি, পি.ডাব্লু (রোডস)/মহকুমা শাসক, বর্ধমান উত্তর ও বর্ধমান দক্ষিণ/নির্বাহী বাস্তকার, পি এন্ড আর ডি, জিলা পরিষদ, বর্ধমান/নির্বাহী বাস্তকার, প.ব.রা.প্রা.উ.প. বর্ধমান বিভাগ/নির্বাহী বাস্তকার, পি.ডাব্লু. (রোডস) হাইওয়ে ডিভিসন-১,২ এবং ৩/নির্বাহী বাস্তকার, পি.ডাব্লু.ডি, বর্ধমান, আসানসোল/সভাপতি সকল পঞ্চায়েত সমিতি/নির্বাহী আধিকারীক, সকল পঞ্চায়েত সমিতি/প্রধান, বড়শুল-১, বড়শুল-২, দলুইবাজার-১, দলুইবাজার-২, নিমো-১, নিমো-২, বৈকুণ্ঠপুর-১, বৈকুণ্ঠপুর-২, নবস্থা-১, নবস্থা-২/সহ বাস্তকার, বর্ধমান ১, সহ বাস্তকার, বর্ধমান ২/সহ বাস্তকার, এস্টিমেট সেকসন/অবর সহ বাস্তকার, মেমারি/এস্টিমেট সেকসন/ডি এ, (বাস্তকার বিভাগ)/জিলা পরিষদের নোটিশ বোর্ড - এর নিকট বহল প্রচারের জন্য প্রেরিত হল।

স্মারক সংখ্যা - ডি.ই/টোল/ ১২৩২/৫০/৯

প্রতিলিপি পশ্চিমবঙ্গ সরকারের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের যুগ্ম সচিব মহাশয়ের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হল।

স্মারক সংখ্যা - ডি.ই/টোল/ ১২৩২/৫০/৯/২

প্রতিলিপি উপসচিব/ডি.আই.ও., জিলা পরিষদ, বর্ধমান, মহাশয়কে ওয়েব সাইটে <http://www.burdwanzp.org> প্রকাশ করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা যাইতেছে। <http://www.bardhaman.nic.in/>

জেলা বাস্তকার  
বর্ধমান  
তারিখ - ০২/১২/১৫

জেলা বাস্তকার  
বর্ধমান  
তারিখ - ০২/১২/১৫

জেলা বাস্তকার  
বর্ধমান  
তারিখ - ০২/১২/১৫

জেলা বাস্তকার  
বর্ধমান